দৈনিক সংবাদ

তারিখ 08 APR 1987
পৃষ্ঠা ... ... ৫ কলাম ... ৬ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

025

# উচ্চ মাধ্যমিক পর্যায়ের ইংরেজী পাঠ্যবই পরীক্ষার জন্য বিশেষজ্ঞ কমিটি গঠিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

উচ্চ মাধ্যমিক পর্যায়ের ইংরেজী পাঠ্যবই পুনঃ পরীক্ষা করে আবার লেখা বা সংকলনের জন্য উচ্চ পর্যায়ের একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যান মুহম্মদ এলতাস উদ্দিন গতকাল মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে একথা জানান।

বোর্ডের পাঠ্যবইগুলোতে বিভিন্ন ভুল সম্পর্কে পত্র-পত্রিকায় প্রকাশিত সমালোচনার পরিপ্রেক্ষিতে এই সাংবাদিক সম্মেলন আহ্বান করা হয়েছিল। ভুলের কারণ সম্পর্কে জনাব এলতাস বোর্ডের নিজস্ব প্রেস না থাকা, প্রকাশকদের দ্বারা মাধ্যমিক শ্রেণীর বইয়ের মুদ্রণের কাজ দেরীতে শুরু করা (যথা সময়ে পাণ্ডুলিপি সরবরাহ করার পরও) ইত্যাদির কথা উল্লেখ করেন। তিনি বলেন, বইয়ের ভুলের সমালোচনার পর সেগুলো সম্পর্কে সংশ্লিষ্ট লেখক ও সম্পাদকদের মতামত চাওয়া হয়েছে, তাদের মতামত পাবার পর যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

এক প্রশ্নের জবাবে তিনি জানান, বোর্ডের বই দেশের ২১২টি প্রেসে ছাপা হয় যার মধ্যে ১১২টি অফসেট প্রেস।